# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

কুরবানী (الذبح والنحر)

১০ই যিলহাজ্জ ঈদুল আযহার দিন। সকালে জামরায়ে কুবরায় ৭টি কংকর নিক্ষেপের পর রাসূল (ছাঃ) কুরবানী করেন। নিজে ৬৩টি ও আলী (রাঃ)-এর মাধ্যমে ৩৭টি মোট ১০০টি উট নহর করেন। আনাস (রাঃ) বলেন ৭টি ও জাবের (রাঃ) বলেন ৬৩টি। এর ব্যাখ্যা হ’ল আনাস ৭টি দেখেছেন ও বাকীগুলিকে তিনি নহরকারীকে নির্দেশ দিয়েছেন। আর জাবের সবগুলি দেখেছেন। অতঃপর প্রত্যেকে যা দেখেছেন তা বর্ণনা করেছেন (যাদুল মা‘আদ ২/২৪০)। আলীকে তিনি নিজ কুরবানীতে শরীক করে নেন। অতঃপর রান্না মাংস ও সুরুয়া খান (ইবনু মাজাহ হা/৩০৭৪)। এদিন তিনি নিজ পরিবারের পক্ষ থেকে একটি গরু কুরবানী করেন।[1] অন্যদেরকে সাতজনে একটি উটে বা গরুতে শরীক হ’তে বলেন (মুসলিম হা/১৩১৮ (৩৫১)। তিনি আলীকে এসবের মাংস, চামড়া ও নাড়ি-ভুঁড়ি মিসকীনদের মধ্যে বিতরণের নির্দেশ দেন। তবে কসাইদের মজুরী নিজের থেকে দেন (যাদুল মা‘আদ ২/২৪০)। কারণ তাঁরা ছিলেন তামাত্তু হাজী। ফলে ৯জন স্ত্রীর পক্ষ থেকে একটি গরুই যথেষ্ট ছিল (যাদুল মা‘আদ ২/২৪৩)।

## ফুটনোট

[1]. আবুদাঊদ হা/১৭৫০; ইবনু মাজাহ হা/৩১৩৫; বুখারী হা/৫৫৫৯; মুসলিম হা/১২১১ (১১৯)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5724

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন